# সুনান আন-নাসায়ী (তাহকীককৃত)

হাদিস নাম্বারঃ ৫১১ [আন্তর্জাতিক নাম্বারঃ ৫১২]

পর্ব-৬: সালাতের সময়সীমা (كتاب المواقيت)

পরিচ্ছেদঃ ৯: আসরের সালাত বিলম্বে আদায় করার ব্যাপারে সাবধান বাণী

## باب التشديد في تأخير العصر

আরবী

أَخْبَرَنَا عَلِيُّ بْنُ حُجْرِ بْنِ إِيَاسِ بْنِ مُقَاتِلِ بْنِ مُشَمْرِجِ بْنِ خَالِدٍ، قال: حَدَّثَنَا إِسْمَاعِيلُ، قال: حَدَّثَنَا الْعَلَاءُ، أَنَّهُ دَخَلَ عَلَى أَنَسِ بْنِ مَالِكٍ فِي دَارِهِ بِالْبَصْرَةِ حِينَ انْصَرَفَ مِنَ الظُّهْرِ وَدَارُهُ بِجَنْبِ الْمَسْجِدِ، فَلَمَّا دَخَلْنَا عَلَيْهِ، قَالَ: أَصَلَّيْتُمُ الْعَصْرَ ؟ قُلْنَا: لَا، إِنَّمَا انْصَرَفْنَا السَّاعَةَ مِنَ الظُّهْرِ، قَالَ: فَصَلُّوا الْعَصْرَ، قَالَ: فَقُمْنَا فَصَلَّيْنَا فَلَمَّا انْصَرَفْنَا، قَالَ: سَمِعْتُ رَسُولَ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ، يَقُولُ: تِلْكَ صَلَاةُ الْمُنَافِقِ، جَلَسَ يَرْقُبُ صَلَاةَ الْعَصْرِ حَتَّى إِذَا كَانَتْ بَيْنَ قَرْنَيِ الشَّيْطَانِ قَامَ فَنَقَرَ أَرْبَعًا لَا يَذْكُرُ اللَّهَ عَزَّ وَجَلَّ فِيهَا إِلَّا قَلِيلًا .

تخريج دارالدعوه: صحيح مسلم/المساجد ٣٤ (٦٢٢)، سنن ابی داود/الصلاة ٥ (٤١٣)، سنن الترمذی/الصلاة ٦ (١٦٠)، موطا امام مالک/القرآن١٠(٤٦)، (تحفة الأشراف: ١١٢٢)، مسند احمد ٣/١٠٢، ١٠٣، ١٤٩، ١٨٥، ٢٤٧ (صحيح)

صحيح وضعيف سنن النسائي الألباني: حديث نمبر 512 ـ صحيح

বাংলা

৫১১. ’আলী ইবনু হুজুর ইবনু ইয়াস ইবনু মুকাতিল ইবনু মুশামরিজ ইবনু খালিদ (রহ.) .... ’আলা (রহ.) হতে বর্ণিত। তিনি যুহরের সালাত আদায় করার পর আনাস ইবনু মালিক (রাঃ)-এর বাসরায় অবস্থিত বাসভবনে উপস্থিত হলেন, তাঁর বাড়ি মসজিদের পাশেই ছিল। আলা (রহ.) বলেন, আমরা যখন তার নিকটে উপস্থিত হলাম, তিনি জিজ্ঞেস করলেন, তোমরা কি ’আসরের সালাত আদায় করেছ? আমরা বললাম, আমরা তো এই মাত্র

যুহরের সালাত আদায় করলাম। তিনি বললেন, এখন আসরের সালাত আদায় করে নাও। আলা (রহ.) বলেন, আমরা তৎক্ষণাৎ সালাতে দাড়িয়ে গেলাম এবং সালাত আদায় করলাম। সালাত শেষে তিনি বললেন, আমি রাসূলুল্লাহ (সা.) -কে বলতে শুনেছি, তা মুনাফিকের সালাত যে বসে সালাতের অপেক্ষারত থাকে, তারপর সূর্য যখন শয়তানের দুই শিং-এর মধ্যবর্তী জায়গায় অবস্থান করে (সূর্যাস্তের সময় নিকটবর্তী হয়ে যায়। তখন চারটি ঠোকর মারে এবং তাতে সামান্যই আল্লাহ তা'আলাকে স্মরণ করে।

## English

9. Stern Warning About Delaying 'Asr

Al-'Ala' narrated to us that he entered upon Anas bin Malik in his house in Al-Basrah, when he had finished Zuhr, and his house was beside the Masjid. When we entered upon him, he said: 'Have you prayed 'Asr?' We said: 'No, we have just finished Zuhr.' He said: 'Pray 'Asr.' So we got up and prayed, and when we finished he said: 'I heard the Messenger of Allah (ﷺ) say: That is the prayer of the hypocrite: he sits and delays 'Asr prayer until (the sun) is between the horns of the Shaitan, then he gets up and pecks four (Rak'ahs) in which he only remembers Allah a little.'

### ফুটনোট

সহীহ: মুসলিম ৬২২, আবূ দাউদ ৪১৩, তিরমিযী ১৬০, মুয়াত্তা মালিক (১/৪৬), সহীহ ইবনু খুযায়মা (১/১৭১-১৭২), হাঃ ৩৩৩ - ৩৩৪।

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিস একাডেমি  বর্ণনাকারীঃ আলা ইবনু আবদুর রহমান (রহঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=86784

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন